গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৬৬.০২.০৩১.১৭-২৩৬

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৭ ব. / ০১ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয়ঃ নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন “পূর্বধলা উচ্চ বিদ্যালয় (সাধারণ ও কারিগরি)” এর কারিগরি শাখা এমপিওভুক্তি এবং বকেয়া এমপিও প্রাপ্তির নিমিত্ত দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-১১৪/২০২০ (রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ হতে উদ্ভুত) মামলার বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, তারিখ: ১৬/৬/২০১০ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৩১.১৭-৫৪৩, তারিখ: ১৬/৬/২০১০ খ্রি.
(৪) প্রধান শিক্ষক, পূর্বধলা উচ্চ বিদ্যালয় এর স্মারক নং- পূর্ব উ:বি:কা/৫৮০০৪/৩২/২০২০, তারিখ: ০২/০৬/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০১/০১/২০১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে ০৬/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (১) সংখ্যক স্মারকমূলে নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন পূর্বধলা উচ্চ বিদ্যালয় (সাধারণ ও কারিগরি) এর কারিগরি শাখা নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে ৬৫ নং ক্রমিকে নির্বাচিত হয়।

২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৬/২০১০ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাতিল করা হয়।

৩। এর ফলে (অর্থাৎ উক্ত প্রতিষ্ঠানটির করিগরি শাখা এমপিও তালিকা থেকে বাদ পড়ায়) জনাব মো: শফিকুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১১.১২.১৪ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং- ৩৩৭৯/১৫ দায়ের করা হলে তা ০২/০৩/২০১৭ খ্রি. তারিখে (৩৫০ দিন সময় তামাদির কারণে) খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ০২/০৩/২০১৭ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 350 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation "

৫। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর এমপিও কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে টিএমইডি কর্তৃক গত ২৮/১১/২০১৬ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির কারিগরি শাখা {(কে) ড্রেস মেকিং এন্ড টেইলারিং (খ) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস} টি এমপিওভুক্তির আদেশ জারি করা হয়।

৬। তদপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক এপ্রিল/১৯ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের (০৩ জন) শিক্ষক-কর্মচারীরগণের অনুকূলে বকেয়া ব্যতীত বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয়। কিন্তু মহামান্য হাইকোর্টের ১১/১২/১৪ তারিখের আদেশে (....MPO for the financial year 2009-2010....উল্লেখক্রমে) ২০০৯-১০ অর্থবছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানটি উক্ত অর্থবছর হতে এমপিওভুক্ত করা হয়নি।

৭। ২০০৯-১০ অর্থবছর হতে উক্ত প্রতিষ্ঠানটির (কারিগরি শাখা) এমপিওভুক্ত না করায় উক্ত বকেয়া প্রদানের দাবীতে উক্ত প্রতিষ্ঠানের এমপিওভুক্ত ট্রেড ইন্সট্রাক্টর (ড্রেস মেকিং) জনাব মো গোলাম মোশারফ হোসেন কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ১১৪/২০২০ (রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে ।

৮। উক্ত কনটেম্পট পিটিশন নং-১১৪/২০২০ (রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ হতে উদ্ভুত) মামলায় জনাব মুন্সী শাহাবুদ্দীন, সচিব, টিএমইডি-কে ০১ নং এবং জনাব মো: সানোয়ার হোসেন, ডিজি, ডিটিই-কে ০২ নং কনটেম্পটনর করা হয়েছে। মহামান্য আদালত কর্তৃক গত ০৯/০৩/২০২০ তারিখে শুনানী শেষে রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ মামলার ১১/১২/২০১৪ তারিখের রায়/আদেশ প্রতিপালন না করায় কনটেম্পটনরগণের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে কনটেম্পটনর রেসপনডেন্টগণের প্রতি নিদের্শ প্রদান করা হয়েছে।

৯। উক্ত কনটেম্পট পিটিশন নং-১১৪/২০২০ (রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ হতে উদ্ভুত) মামলার রুলনিশিসহ বর্ণিত প্রতিষ্ঠানের কারিগরি শাখা সংশ্লিষ্ট ০৩ (তিন) জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া বেতন-ভাতা (এমপিও) প্রদানের দাবীতে বর্ণিত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কর্তৃক সচিব, টিএমইডি বরারব সূত্রোক্ত (৪) নং আবেদন করা হয়েছে।

১০। উল্লেখ্য যে, টিএমইডি কর্তৃক গত ২৮/১১/২০১৭ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির কারিগরি শাখা {(কে) ড্রেস মেকিং এন্ড টেইলারিং (খ) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস} এমপিওভুক্তির আদেশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক এপ্রিল/১৯ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের {০৩ (তিন) জন} শিক্ষক-কর্মচারীর অনুকূলে বকেয়া ব্যতীত বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয়।

১১। বর্ণিত প্রেক্ষাপটে নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন “পূর্বধলা উচ্চ বিদ্যালয় (সাধারণ ও কারিগরি)” এর কারিগরি শাখা এমপিওভুক্তি এবং বকেয়া এমপিও প্রাপ্তির নিমিত্ত কনটেম্পট পিটিশনার কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশণ নং-১১৪/২০২০ (রিট পিটিশন নং-৬৭৩৩/২০১৪ হতে উদ্ভুত) মামলাটির বিষয়ে compliance report মহামান্য আদালতে দাখিল এবং মামলা বিষয়ে পরবর্তী ব্যবস্থা গহণের জন্য নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন-

(ক) টিএমইডি কর্তৃক গত ২৮/১১/২০১৭ খ্রি.তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির কারিগরি শাখা {(i) ড্রেস মেকিং এন্ড টেইলারিং (ii) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস} এমপিওভুক্তির আদেশ জারি করা হয়। এর প্রেক্ষিতে ডিটিই কর্তৃক এপ্রিল/১৯ বর্ণিত প্রতিষ্ঠানের ০৩ (তিন) জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে বকেয়া ব্যতীত এমপিও ছাড় করা হয়। টিএমইডি'র অনুমোদনের প্রায় ০২ (দুই) বছর পর এমপিও ছাড়ের কারণ কি এবং এহেন দেরীর পেছনে কোন অসৎ উদ্দেশ্য আছে কিনা এ বিষয়ে প্রমাণকসহ তথ্য প্রয়োজন।

চলমান পাতা নং-০২

(খ) এমপিওভুক্তির আদেশের সময় পূর্বধলা উচ্চ বিদ্যালয়ের কারিগরি শাখায় কারা কারা কর্মরত ছিলেন তাঁদের নাম, পদবি ও যোগদানের তারিখসহ সকলের বিস্তারিত তথ্য (প্রমাণকসহ) প্রয়োজন।

(গ) এমপিওভুক্তির বিষয়ে ২৮/১১/২০১৭ খ্রি. তারিখে টিএমইডি কর্তৃক এমপিওভুক্তির আদেশ জারি সত্ত্বেও ডিটিই কর্তৃক বকেয়া ব্যতীত এপ্রিল/১৯ মাসে এমপিও ছাড়ের কারণ কি? প্রমাণকসহ এবিষয়ে তথ্য প্রয়োজন।

(ঘ) সিপিএলএ দায়ের করতে ৩৫০ দিন দেরী হওয়ার কারণ কি? প্রমাণকসহ এ বিষয়ে তথ্য প্রয়োজন।

(ঙ) সিপিএলএ মামলায় শুনানীর জন্য ধার্য তারিখে (০২/০৩/২০১৭) সরকার পক্ষে তথা ডিটিই এর পক্ষে কেউই হাজির না থাকার কারণ কি? প্রমাণকসহ এ বিষয়ে তথ্য প্রয়োজন।

(চ) টিএমইডি কর্তৃক জারিকৃত এমপিও আদেশে "ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডের জন্য ০২ (দুই) জন এবং জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ট্রেডের জন্য ০২ (দুই) জন শিক্ষকের অনুমোদন থাকলেও ড্রেস মেকিং ট্রেডে ০১ (এক) জন শিক্ষক ও ০১ (এক) জন ল্যাব এ্যাসিস্ট্যান্ট এবং ইলেকট্রিক্যাল ট্রেডে একজন ল্যাব এ্যাসিস্ট্যান্ট এর অনুকূলে এমপিও ছাড় হচ্ছে। শিক্ষকের পরিবর্তে ল্যাব এ্যাসিস্ট্যান্টের অনুকূলে কেন কিভাবে এমপিও ছাড় হচ্ছে প্রমাণকসহ এ বিষয়ে তথ্য প্রয়োজন।

১২। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১২ এ চাহিতমতে প্রমাণকসহ তথ্যাদি আগামি ১৫/৯/২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০১/০৯/২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।